গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/২৭ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৪৯-আইন/২০২৪/২৫৫-মূসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ এবং ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(১) বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(খ) "উৎসে কর্তনকারী সত্তা" অর্থ কোনো সরকার বা উহার কোনো মন্ত্রণালয়, বিভাগ, বা দপ্তর, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোনো সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠান, কোনো ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান, মাধ্যমিক বা তদূর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান, কোনো লিমিটেড কোম্পানি এবং দশ কোটি টাকার অধিক বার্ষিক টার্নভারযুক্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;" এবং

(২) বিধি ৩ এর উপ-বিধি (২) এর টেবিলের কলাম (১) এ উল্লিখিত ক্রমিক নং-০৮, ২২, ৩৪ ও ৩৬ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"০৮.	S০০৯.০০	নিলামকারী সংস্থা	১৫%
২২.	S০৪০.০০	সিকিউরিটি সার্ভিস	১৫%
৩৪.	S০৬০.০০	নিলামকৃত পণ্যের ক্রেতা	১৫%
৩৬.	S০৬৬.০০	লটারির টিকেট বিক্রয়কারী	১৫% ";।

Downloaded from www.taxvatpoint.com

২। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

মোহাম্মদ হাসমত আলী
প্রথম সচিব (মূসক নীতি)

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com